

পরিপত্র

স্মারকঃ- স্থাসবি/ইপ/বিবিধ-০৫/২০০৪/১২৩৩ (২০০৮)

তারিখঃ- ২৮-১০-০৮ইং

বিষয়ঃ ইউনিয়ন পরিষদের মালিকানাধীন/নিয়ন্ত্রণাধীন রাস্তা/জমিতে ইউনিয়ন পরিষদ কর্তৃক রোপণকৃত পরিপক্ক, ঝড়ে উপড়ে পড়া ও মরা গাছ বিক্রয় ও বিক্রয়লাভ অর্থ ব্যবহার প্রসংগে।

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগের ২৫-০৫-২০০০ তারিখের প্রজ্ঞা-ই/বিবিধ-২৪/৯৯/৪৫৩(৫২৮) নম্বর স্মারক

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন রাস্তা/জমিতে ইউনিয়ন পরিষদ কর্তৃক রোপণকৃত পরিপক্ক গাছ, ঝড়ে উপড়ে পড়া ও মরা গাছ বিক্রয় ও বিক্রয়লাভ অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

২। ইউনিয়ন পরিষদ কর্তৃক রোপণকৃত পরিপক্ক গাছ কর্তনপূর্বক বিক্রয়ের জন্য ইউনিয়ন পরিষদ সভায় সিদ্ধান্ত গ্রহণপূর্বক কার্যবিবরণীসহ উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রস্তাব প্রেরণ করতে হবে। প্রস্তাবসমূহ বিবেচনার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলেঃ

১) উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলা	আহ্বায়ক
২) উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট উপজেলা	সদস্য
৩) উপজেলা কৃষি কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা	সদস্য
৪) বিভাগীয় বন কর্মকর্তার প্রতিনিধি	সদস্য
৫) প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	সদস্য
৬) সহকারী কমিশনার (ভূমি)	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধিঃ

ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক রোপণকৃত পরিপক্ক গাছ কর্তনপূর্বক বিক্রয়ের জন্য ইউনিয়ন পরিষদ সভার সিদ্ধান্ত ও কার্যবিবরণীসহ প্রস্তাব পাওয়ার পর উপরে বর্ণিত কমিটি গাছ বিক্রয়ের মৌক্তিকতা, পরিবেশগত অবস্থা বিবেচনা ও বিক্রয়যোগ্য গাছের মূল্য নির্ধারণপূর্বক ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা মূল্যমান পর্যন্ত গাছের ক্ষেত্রে উপযুক্ত বিবেচিত হলে নিলাম বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।

খ) মূল্যমান ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার অধিক হলে উপজেলা নির্বাহী অফিসার জেলা প্রশাসক এর কাছে অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করবেন। উপযুক্ত বিবেচিত হলে জেলা প্রশাসক প্রস্তাব প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে সিদ্ধান্ত প্রদান করবেন, তা না হলে উপজেলা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে বিবেচিত হবে। অনুমোদন প্রাপ্তির পর উপজেলা নির্বাহী অফিসার সরকারের প্রচলিত নীতিমালা অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে তা নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।


গ) ঝড়ে ও অন্যান্য কারণে উপড়ে পড়া এবং বিভিন্ন কারণে মৃত গাছ বিক্রয়ের ক্ষেত্রে এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য কোন জীবিত অপরিপক্ক গাছ অপসারণের প্রয়োজন হলে উক্ত কমিটি আনুমানিক মূল্য নির্ধারণপূর্বক বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।

৩। উভয় ক্ষেত্রে যে স্থান থেকে গাছ কর্তন করা হবে, উক্ত স্থানে ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক নতুন গাছ রোপণ করতে হবে।

৪। উক্তরূপ নিলাম বিক্রয়লাভ অর্থ উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের অনুকূলে প্রেরণ করবেন এবং ইউনিয়ন পরিষদ তাদের হিসাবে জমা করবে। ইউনিয়ন পরিষদের বার্ষিক উন্নয়ন সহায়তা খোক বরাদ্দ ব্যবহার নীতিমালা মোতাবেক এবং সরকারী ক্রয় আইন, ২০০৮ অনুসরণপূর্বক উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নে উক্ত অর্থ ব্যয় করতে হবে। তবে ইউনিয়ন পরিষদ থেকে উন্নয়নমূলক কাজের প্রস্তাব প্রাপ্তির পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার প্রাথমিক যাচাই বাছাইপূর্বক উপজেলা প্রকৌশলীর প্রাক্কলনসহ প্রকল্প প্রস্তাব অনুমোদন করবেন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। বর্ণিত বিষয়ে পূর্ববর্তী সকল নির্দেশনা এতদ্বারা বাতিল করা হলো।

৬। এমতাবস্থায়, সরকারের উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(আখতারী বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৭১৬৭১৪৫।

বিতরণঃ


- ১। বিভাগীয় কমিশনার (সকল)।
- ২। জেলা প্রশাসক(সকল)।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল)।
- ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)।

স্মারকঃ- স্থাসবি/ইপ/বিবিধ-০৫/২০০৪/১২৩৩ (২০০৮)/১(১)

তারিখঃ- ২৮-১০-০৮ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট, আগারগাঁও, ঢাকা।


(আখতারী বেগম)
সিনিয়র সহকারী সচিব